সমকাল

তারিখ ... 02 SEP 2015 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...

# অ্যাক্রিডিটেশন কাউন্সিল নিয়ে মতামত চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়

■ সমকাল প্রতিবেদক

উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিতকরণ এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে স্বীকৃতি প্রদানের জন্য একটি 'অ্যাক্রিডিটেশন কাউন্সিল' গঠনের জন্য জনসাধারণের মতামত চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। গতকাল মঙ্গলবার আইনের খসড়াটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করে মতামত চাওয়া হয়। সবার মতামত নিয়ে খসড়াটি চূড়ান্ত করে অনুমোদনের জন্য তা মন্ত্রিসভায় পাঠানো হবে।

প্রণীত আইনের খসড়ায় বলা হয়েছে, বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ অধ্যাপকদের মধ্য থেকে অ্যাক্রিডিটেশন কাউন্সিলে চার বছর মেয়াদে একজনকে চেয়ারম্যান নিয়োগ দেবেন রাষ্ট্রপতি।